INTERBORO RHIO

ইন্টারবরো আরএইচআইও (Interboro RHIO) কী?
ইন্টারবরো আরএইচআইও (Interboro RHIO) গঠন করা হয়েছে প্রোভাইডারদের মধ্যে তথ্য বিনিময় সম্ভব করার জন্য - যাতে অন্তর্ভুক্ত রয়েছে কুইন্স, উত্তর ব্রুকলিন, ও আশেপাশের এলাকার - হাসপাতাল, বাড়িতে পরিচর্যা প্রদানকারী প্রতিষ্ঠান, ও কমিউনিটি চিকিৎসকবৃন্দ।

অধিকাংশ স্বাস্থ্যসেবা প্রদানকারীরা আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য কাগজের ফাইলে বা কম্পিউটারে সংরক্ষণ করে থাকেন যা শুধুমাত্র তারাই ব্যবহার করতে পারেন। যদি আপনি একাধিক ডাক্তার দেখিয়ে থাকেন, তাহলে আপনার তথ্যগুলো বিভিন্ন জায়গায় সংরক্ষিত থাকার সম্ভাবনা রয়েছে। এর ফলে আপনার স্বাস্থ্যের একটি পূর্ণাঙ্গ চিত্র পাওয়ার জন্য সেগুলোকে একত্রিত করা কঠিন হয়ে দাঁড়ায়।

ইন্টারবরো আরএইচআইও এমন প্রযুক্তির ব্যবস্থা করে যার ফলে আপনার ডাক্তার, নার্স, এবং অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীরা কাগজের পরিবর্তে কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করে তাদের মেডিকেল রেকর্ডগুলো বিনিময় করতে পারবেন। এই প্রযুক্তি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে - যেমন আপনার ডাক্তারকে - আপনার পছন্দ অনুযায়ী প্রোভাইডারদের কাছে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সহজলভ্য করতে সাহায্য করবে, যাতে আপনি আরো ভালো পরিচর্যা পেতে পারেন।

ইন্টারবরো আরএইচআইও কীভাবে আপনাকে সাহায্য করতে পারে?
- যখন একটি কম্পিউটারে একসাথে আপনার রেকর্ডগুলো সহজে পাওয়া যাবে, আপনার ডাক্তাররা আপনার স্বাস্থ্যের আরো বেশি পূর্ণাঙ্গ ছবি দেখতে পারবেন, এবং আপনি আরো ভালো পরিচর্যা পেতে পারবেন।
- আপনার মেডিকেল টেস্টগুলোর ফল দেখতে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদেরকে সাহায্য করার মাধ্যমে, আপনি কোনো টেস্ট একবারের বেশি করানো এড়াতে পারবেন।
- জরুরি পরিস্থিতিতে আপনার জীবন রক্ষা করতে পারে এমন তথ্য তাড়াহুড়ার মধ্যে পাওয়া সহজ হবে।
- আপনি প্রতিবার একজন ডাক্তারের কাছে, ক্লিনিকে, বা হাসপাতালে গেলে সব সময় একই প্রশ্নের উত্তর বার বার দিতে হবে না।
- আপনার তথ্য নিরাপদ থাকবে এমন একটি ব্যবস্থার মধ্যে যা কেবলমাত্র আপনার পরিচর্যাকারী ব্যক্তিরাই ব্যবহার করতে পারবেন এবং শুধুমাত্র আপনার সম্মতি নিয়ে।

আমি কীভাবে অংশগ্রহণ করবো?
ইন্টারবরো আরএইচআইও-এর প্রবৃদ্ধি এবং অংশগ্রহণকারী ডাক্তারের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে, আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী আপনাকে "সম্মতি" - বা অনুমতি - দেওয়ার জন্য বলতে পারেন, যাতে তারা ইন্টারবরো আরএইচআইও প্রযুক্তির মাধ্যমে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য পেতে পারেন।

ইন্টারবরো আরএইচআইও প্রযুক্তির মাধ্যমে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য কারা দেখতে পারবে সেই সম্পর্কে আপনার সম্মতি দেওয়ার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়ার অধিকার প্রতিটি রোগীর রয়েছে। যদি আপনার ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারী ইন্টারবরো আরএইচআইও-তে অংশগ্রহণ করে, তাহলে তারা আপনাকে একটি সম্মতিপত্র দেবেন যাতে আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে আপনাকে আরো ভালো পরিচর্যা দেওয়ার জন্য তারা আপনার তথ্য দেখার জন্য অনুমোদিত কিনা। যদি আপনি সম্মতি দেন, তাহলে আপনার ইলেক্ট্রনিক স্বাস্থ্য তথ্য শুধুমাত্র নিচে উল্লিখিত ক্ষেত্রে ব্যবহার করা হবে
- আপনাকে মেডিকেল চিকিৎসা ও সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের জন্য
- আপনার স্বাস্থ্য বিমা আছে কিনা এবং এটি কী কী কভার করবে তা দেখা
- সব রোগীদেরকে প্রদত্ত চিকিৎসা পরিচর্যার মূল্যায়ন ও উন্নয়ন করা

INTERBORO RHIO

যে কোনো সময় সম্মতি দিতে প্রত্যাখ্যান করার অধিকার আপনার রয়েছে। আপনি যদি আপনার ডাক্তার বা অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীদেরকে সম্মতি দিতে অস্বীকার করেন, তাহলে তারা ইন্টারবরো আরএইচআইও প্রযুক্তির মাধ্যমে আপনার ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য দেখতে পারবে না - *এমনকি জরুরি পরিস্থিতিতেও।*

সম্মতি দেওয়া বা প্রত্যাখ্যান করা সম্পর্কিত আপনার সিদ্ধান্ত চিকিৎসা সেবা বা স্বাস্থ্য বিমার কভারেজ পাওয়ার ক্ষেত্রে আপনার সক্ষমতাকে প্রভাবিত করবে না।

যদি আপনি ইতিমধ্যেই সম্মতি দিয়ে থাকেন, তাহলে একটি সম্মতি প্রত্যাহার ফরম পূরণ করে ইন্টারবরো আরএইচআইও-তে জমা দেওয়ার মাধ্যমে আপনি যে কোনো সময়ে আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন। আপনি এই ফরমগুলো ইন্টারবরো আরএইচআইও-এর ওয়েবসাইট interbororhio.org থেকে নিতে পারেন।

ইন্টারবরো আরএইচআইও-এর মাধ্যমে লভ্য তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে আপনার সকল মেডিকেল তথ্য, যার অন্তর্ভুক্ত রয়েছে এইচআইভি/এইডস সম্পর্কিত সংবেদনশীল তথ্য, মানসিক স্বাস্থ্য, বংশগত রোগ বা পরীক্ষা, অ্যালকোহল বা মাদকের অপব্যবহার, যৌন পরিবাহিত রোগ এবং পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্য, কিন্তু এগুলোর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না।

আমার স্বাস্থ্য তথ্য কি সুরক্ষিত?
স্বাস্থ্যের বিষয়টি যখন আসে তখন অনেকেই তাদের গোপনীয়তা ও নিরাপত্তা নিয়ে শংকিত থাকেন। আপনার ইলেক্ট্রনিক স্বাস্থ্য রেকর্ড সুরক্ষিত রাখার জন্য ইন্টারবরো আরএইচআইও সম্ভব সবকিছুই করছেঃ

- যে সব ডাক্তার, কর্মী, এবং সংগঠনকে সম্মতিপত্রের মাধ্যমে আপনি অনুমতি দেবেন, শুধুমাত্র তারাই ইন্টারবরো আরএইচআইও-এর মাধ্যমে আপনার রেকর্ড দেখতে পারবে

- পাসওয়ার্ড এবং অন্যান্য নিরাপত্তামূলক ব্যবস্থার মাধ্যমে সুরক্ষা পদ্ধতিগুলো যথাযথ অনুমতি ছাড়া আপনার রেকর্ড দেখা থেকে অন্যদেরকে বিরত রাখবে

- ইন্টারবরো আরএইচআইও-তে যারা আপনার রেকর্ড দেখেছে তাদের সবার একটি তালিকা পাওয়ার জন্য আপনি অনুরোধ জানাতে পারেন

- যদি অবৈধ অনুপ্রবেশ ঘটেই থাকে, তাহলে আপনাকে জানানো হবে এবং সমস্যা সমাধানের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে যাতে ভবিষ্যতে তা আর না ঘটে

- ইন্টারবরো আরএইচআইও-এর অংশগ্রহণকারী সকল প্রোভাইডারকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ও ফেডারেল গোপনীয়তা ও একান্ততার আইন মেনে চলতে হবে।

ইন্টারবরো আরএইচআইও সম্পর্কে আমি কীভাবে আরো তথ্য পেতে পারি?
ইন্টারবরো আরএইচআইও-তে অংশগ্রহণ সম্পর্কে আরো তথ্য পাওয়ার জন্য অথবা আপনার ডাক্তার এই সিস্টেমের সাথে সংযুক্ত কিনা তা দেখার জন্য আপনি আমাদেরকে অনলাইনে পরিদর্শন করতে পারেন

www.interbororhio.org

অথবা 718-334-5844 নম্বরে ফোন করতে পারেন, অথবা Interboro RHIO, PO Box 800038, Elmhurst, NY 11380 ঠিকানায় ডাকযোগে একটি অনুরোধ পাঠাতে পারেন।

ইন্টারবরো আরএইচআইও বৃদ্ধি পাওয়ার সাথে সাথে অংশগ্রহণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারীদের তালিকা সময়ে সময়ে হালনাগাদ করা হবে।